

কৃষি সমূহ



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০৮.০০৯.২০০৫- ২০১৮

তারিখ: ২২ ডিসেম্বর, ২০১৮ খ্রি।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, ময়মনসিংহ।

বিষয়ঃ আপনার অঞ্চলের আওতাধীন গুদাম ভাড়া প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ০১. আপনার দপ্তরের স্মারক নং-৪৪৫ তারিখঃ ২৫/০৮/২০১৮ ও

০২. আপনার দপ্তরের স্মারক নং-২৭৫ তারিখঃ ০৫/১২/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার অঞ্চলের আওতায় গুদাম ভাড়া প্রদান সংক্রান্ত তথ্যাদি সার ব্যবস্থাপনা বিভাগ হতে চাওয়া হলে সুত্রে বর্ণিত স্মারকে যাচিত তথ্যাদি প্রেরণ করা হয়। প্রেরিত তথ্যাদি পর্যালোচনা করলে দেখা যায় উক্ত ছকে ১৩টি গুদাম চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে শঙ্খগঞ্জ-০১, হালুয়াঘাট ও ফুলবাড়িয়াস্থ গুদামের বকেয়া ভাড়া আদায়ের লক্ষ্যে সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছে। শঙ্খগঞ্জ-০২ এর বিপরীতে আপনি উল্লেখ করেছেন যে, গুদামটি বিসিআইসি এর নিকট হস্তান্তর করা হয়েছে। অন্যদিকে ৩০ আগস্ট, ২০১৭ তারিখের ২৭৮ নং স্মারকে সার ব্যবস্থাপনা বিভাগের হতে জারিকৃত পত্র পর্যালোচনা করলে দেখা যায় যে, উক্ত গুদামে সার সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং যথাবৃত্তি বিএডিসি'র মাধ্যমে সারও সংরক্ষণ করা হচ্ছে। ফলে বিসিআইসি এর নিকট হস্তান্তরের বিষয়টি বোধগম্য নয়। এছাড়া সংশ্লিষ্ট গুদামের নথি পর্যালোচনা করলে দেখা যায় যে, ইতোপূর্বে গুদামটি জলাব শফিকুল ইসলাম এর নিকট ভাড়া দেয়া হয়েছিল। অর্থে আপনার মাধ্যমে প্রেরিত তথ্যে দেখানো হয়েছে যে, গুদামটি জলাব সৈয়দ আরিফ নিয়াজী এর নিকট ভাড়া দেয়া হয়েছিল। এক্ষেত্রেও ভিন্নতা পরিলক্ষিত হয়েছে।

০২. অন্যদিকে শঙ্খগঞ্জ-১, হালুয়াঘাট ও ফুলবাড়িয়াস্থ গুদামের বিপরীতে সার্টিফিকেট মামলা চলমান রয়েছে। এছাড়া জারিয়া ও ভালুকা গুদাম দুটি সংস্থার কাজে ব্যবহৃত হচ্ছে বলে আপনি ইতোপূর্বে প্রেরিত পত্রে উল্লেখ করেছেন। কিন্তু জারিয়া ও ভালুকা গুদামের বিপরীতে যে বকেয়া ভাড়া ছিল তা আদায় করা হয়েছে কিনা সে বিষয়টি সম্পর্কে আলোচ্য বিভাগ অবহিত নয়। বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন।

০৩. এমতাবস্থায়, পত্রের মর্মানুযায়ী যাচিত ব্যাখ্যা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(আশুতোষ লাহার স্বাক্ষর)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৮০১৬

অনুলিপি:

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

২. অফিস কপি।